



পরিচালক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর

ঢাকা-১০০০, বাংলাদেশ

টেলিফোন: ৯৬৬৩১২৩ (স্বাস্থ্য), ফ্যাক্স: ৯৬৬৩২০-৮০, ৮৬১৬৮৩০-৩৮, ৮৬১৮৩৪৪-৪৯ / ৭৩৫৪, ৭৪৯৩ (অফিস)

Fax: -880 2 8613046, 880 2 9665622 Email: daers@daers.buet.ac.bd

নং-ডিএইআরএস/তপ্রশা/ডি-৩৭৩-৭৮-৬০

তারিখ: ০৩/১০/২০১৬ইং

দেয়াল ক্যালেন্ডার ২০১৭ এর জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে উনুজু ডিজাইন প্রতিযোগিতার পুনঃ বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের দেয়াল ক্যালেন্ডার ২০১৭ মুদ্রণের জন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিকট হতে উনুজু ডিজাইন প্রতিযোগিতা আহ্বান করা হচ্ছে। ডিজাইন প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারীকে (একক/যুগ্ম) ছাপা ও আনুসঙ্গিক খরচসহ ১২,০০০/- (বার হাজার) টাকা, ২য় স্থান অধিকারীকে (একক/যুগ্ম) ৮,০০০/- (আট হাজার) টাকা এবং ৩য় স্থান অধিকারকারীকে (একক/যুগ্ম) ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে সম্মানী প্রদান করা হবে এবং প্রথম স্থান অধিকারীর নাম, বিভাগ ও শিক্ষাবর্ষ ক্যালেন্ডারে উল্লেখ থাকবে। নিম্নে প্রতিযোগিতার শর্তাবলী ও অন্যান্য তথ্য উল্লেখ করা হলঃ

ক্যালেন্ডারের বিবরণঃ

- | | | | |
|----|---------------|---|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১। | সাইজ | : | ৩৪"×২১' ^১ / _২ " (এক পাতা)। কোন ভাবেই এর বড় বা ছোট হবে না। |
| ২। | ছাপার রং | : | ক্যালেন্ডারে সর্বোচ্চ ৪টি কালার ব্যবহার করা যাবে। |
| ৩। | ছবি | : | ডিজাইনার তাঁর ডিজাইনের স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক রংপীন ছবি ক্যালেন্ডারে ব্যবহার করতে পারবেন। |
| ৪। | অন্যান্য তথ্য | : | ২০১৬ সালের দেয়াল ক্যালেন্ডারে যতটুকু অংশ জুড়ে ক্যালেন্ডার বা বর্ষপুঞ্জ রয়েছে এই অংশের আকার এবং সিলিকিট ছুটির তালিকাসহ অন্যান্য তথ্য বা লেখার আকারের পরিবর্তন হবে না অর্থাৎ ছোট হতে পারবে না। তবে বর্ষপুঞ্জ আরো বড় হলে ভাল হয় এবং ছবি ও অন্যান্য লেখার স্থান পরিবর্তন হতে পারে। |

শর্তাবলীঃ

- ১। কম্পিউটারে ডিজাইন করে মুদ্রিত ক্যালেন্ডারের ন্যায় ৪ রং এর প্রিন্ট (সাইজ ৩৪" X ২১.৫") ডিজাইন হিসেবে দাখিল করতে হবে। ডিজাইন নির্বাচিত হওয়ার পর জানানো হবে। প্রতিযোগিতায় অংশগ্রহনকারী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের (একক/যুগ্ম) উপরে উল্লেখিত হারে সম্মানী প্রদান করা হবে।
- ২। ছাপার জন্য ডিজাইনারকে আলাদা কালার চার্ট দিতে হবে।
- ৩। ডিজাইনের জন্য প্রয়োজনীয় ছবি এবং অন্যান্য সকল ব্যয় প্রতিযোগী নিজে বহন করবেন।
- ৪। এককভাবে বা যৌথভাবে ডিজাইন দাখিল করা যাবে। যৌথভাবে ডিজাইন দাখিলের ক্ষেত্রেও সম্মানীর পরিমাণ অপরিবর্তিত থাকবে।
- ৫। প্রতিযোগিতায় শ্রেষ্ঠ বিবেচিত এবং মুদ্রণের জন্য নির্বাচিত ডিজাইন বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি হিসেবে পরিগণিত হবে। প্রতিযোগিতার জন্য জমাবৃত কোন ডিজাইনের প্রিন্ট ফেরত দেওয়া হবে না।

উক্ত বিবরণ ও শর্ত পূরণ সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর অফিসে ০৫/০৯/২০১৬ ইং তারিখের মধ্যে ক্যালেন্ডারের ডিজাইন আত্রাই ছাত্র-ছাত্রীদেরকে জমা দেয়ার জন্য বলা হয়েছিল। তা এখন পুনঃ নির্ধারণ পূর্বক ৩১ অক্টোবর, ২০১৬ইং করা হল। পুরাতন ক্যালেন্ডারসহ অন্য কোন তথ্যের প্রয়োজন হলে ডিএইআরএস অফিসের তথ্য ও প্রকাশনা শাখায় যোগাযোগ করা যেতে পারে।

বিঃ দ্রঃ-২০১৬ সালের দেয়াল ক্যালেন্ডার-এর ডিজাইন প্রতিযোগিতায় নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ছাত্র ফয়সাল বিন ইসলাম, তাসফিয়া তাসনিম লেভেল -৪, টার্ম-২ কর্তৃক দাখিলকৃত ডিজাইন শ্রেষ্ঠ ডিজাইন হিসেবে বিবেচিত হয় এবং তা মুদ্রিত হয়। উল্লেখ্য ছাত্রছাত্রীদেরকে বিষয়টি এসাইনমেন্ট হিসাবে প্রদানের জন্য বিভাগীয় প্রধান স্থাপত্য বিভাগ ও নগর অঞ্চল ও পরিকল্পনা বিভাগকে অনুরোধ করা হলো।

(প্রফেসর ডঃ কেশব সিরাজ আহমেদ)
পরিচালক

উপদেশ প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

বিতরণঃ

- ১। সকল অনুষদের ডীন/ সকল বিভাগীয় প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের এপিএস, মাননীয় উপাচার্য মহোদয়কে অবহিত করার জন্য. বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। হলসহ সকল বিভাগীয় নোটিশ বোর্ড, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
- ৫। বিভাগীয় প্রধান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- ৬। নোটিশ বোর্ড, সকল বিভাগ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা

1. NB 303

2. Moodle site
(with a request to post @ FB)